

ব্যাংকিং পরিষি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৫

০২ মার্চ ২০২০  
তারিখ : -----  
১৮ ফাল্গুন ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি অর্থায়নের সুদহার প্রসঙ্গে।

২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে ১ এপ্রিল ২০২০ তারিখ হতে কার্যকর করে ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল খাতে অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ এর উপর সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হয়েছে। ফলে, ১ এপ্রিল ২০২০ তারিখ হতে ক্রেডিট কার্ড ব্যতীত নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানি অর্থায়নসহ সকল ধরনের অশ্রেণিকৃত ঋণের (বিদ্যমান ও নতুন করে প্রদেয়) সুদহার হবে ৯%। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, আসন্ন রমজান উপলক্ষে ব্যবসায়িরা এখন হতেই নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানি শুরু করেছেন। ফলে আসন্ন রমজানে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য মূল্যের উর্ধ্বর্গতি রোধ ও এসব পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের আমদানি অর্থায়নের সুদহার অবিলম্বে হ্রাস করা প্রয়োজন।


২। এ প্রেক্ষিতে, অত্র সার্কুলার লেটার জারির তারিখ হতে কার্যকর করে নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য হিসেবে ভোজ্যতেল, ছেলা, ডাল, মটর, পেঁয়াজ, মসলা, খেজুর, ফলমূল এবং চিনি আমদানি অর্থায়নের সুদহার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হলো।

৩। তাছাড়া, উল্লিখিত পণ্যসমূহের আমদানি ঋণপত্র স্থাপনের ফেত্রে মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে যা ৩০ মে ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(হসনে আরা শিখা)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন: ৯৫৩০১৫৫